

দৈনিক

# আমাদেরসময়

আমাদেরসময়

মঙ্গলবার ১৫ নভেম্বর ২০১৬  
 ১ অগ্রহায়ণ ১৪২৩

## ■ বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগে অনিয়ম অবিলম্বে ব্যবস্থা নিন

**বি** বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। মেধাবী ও আদর্শবান শিক্ষক নিয়োগ না হলে গুণগত মানসম্পন্ন শিক্ষা সম্ভব নয়। কিন্তু দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো কি মানসম্পন্ন শিক্ষকের নিশ্চয়তা দিতে পারছে? গতকাল আমাদের সময়ের এক প্রতিবেদনে বলা হয়, বিশ্ববিদ্যালয়গুলোকে দলীয়করণের ভূত আঁটেপুটে বেঁধে ফেলেছে। মেধার বিপরীতে দলীয় বিবেচনা, ভিসিপিছি নিয়োগ, স্বজনপ্রীতি, মন্ত্রী-এমপিদের সুপারিশ ও সরকারের নীতিনির্ধারকদের খবরদারিতে তুলনামূলক অযোগ্য ও কম মেধাবীদের নিয়োগ দিতে গিয়ে অধিকাংশ ক্ষেত্রেই বঞ্চিত হচ্ছেন মেধাবীরা। ফলে যথার্থ পাঠগ্রহণ থেকে বঞ্চিত হচ্ছেন শিক্ষার্থীরা। প্রতিবেদনটিতে বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের নাম ও বিভিন্ন অনিয়মের মাধ্যমে নিয়োগকৃত শিক্ষকের নাম উঠে এসেছে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতা একটি মেধানির্ভর পেশা। এখানে শিক্ষকদের নিয়মিত গবেষণা, লেখাপড়া ও জ্ঞানচর্চার ভেতর দিয়ে যেতে হয়। নিয়মিত পাঠচর্চা না থাকলে পাঠদান বিঘ্নিত হবে। রাজনৈতিক কিংবা স্বজন পরিচয়ে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে পাঠদানের আগ্রহ কম থাকে এ কথা বলাই বাহুল্য। বিশ্ববিদ্যালয়কে মেধা ও পাঠচর্চার কেন্দ্র হিসেবে গড়ে তুলতে চাইলে মেধাবী শিক্ষক নিয়োগ দিতে হবে। বলার অপেক্ষা রাখে না, রাজনীতি ও স্বজনপ্রীতি যে শিক্ষকতার মান নষ্ট করছে, প্রতিবেদনে তা স্পষ্ট। রাজনৈতিক পরিচয়ে যাদের নিয়োগ হয় তাদের অনেকেরই বিশ্ববিদ্যালয় কেন, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক হওয়ারও যোগ্যতা নেই। উচ্চতর ডিগ্রি দূরের কথা, পুরো শিক্ষাজীবনে একটিও প্রথম শ্রেণি নেই এমন বিশ্ববিদ্যালয় শিক্ষকও খোঁজ করলে পাওয়া যাবে। এই কতিপয় শিক্ষকের কারণে যারা সত্যিকারভাবে মেধার ভিত্তিতে নিয়োগ পেয়েছেন তাদের প্রতিও জনমনে প্রশ্ন জাগতে পারে।

বিশ্ববিদ্যালয়ের  
 শিক্ষা ও গবেষণার মান  
 উন্নয়নে স্বচ্ছ  
 নিয়োগপ্রক্রিয়ার মাধ্যমে  
 সর্বোচ্চ মেধাবীদের শিক্ষক  
 হিসেবে নিয়োগদান,  
 মেধাবীদের এ পেশায়  
 আকর্ষণ ও ধরে রাখার  
 জন্য পর্যাপ্ত সুযোগ-সুবিধা  
 এবং জবাবদিহি নিশ্চিত  
 করতে হবে

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার মান উন্নয়নে স্বচ্ছ নিয়োগপ্রক্রিয়ার মাধ্যমে সর্বোচ্চ মেধাবীদের শিক্ষক হিসেবে নিয়োগদান, মেধাবীদের এ পেশায় আকর্ষণ ও ধরে রাখার জন্য পর্যাপ্ত সুযোগ-সুবিধা এবং জবাবদিহি নিশ্চিত করতে হবে। অন্যথায় উচ্চশিক্ষায় আশানুরূপ ফল পাওয়া যাবে না এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষামানের গুরুতর অবনতি ঘটবে।